



২০২০-২০২১ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মাসুদা আকন্দ  
 পরিচালক(দাঃবিঃওঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ১৩ জুন ২০২১খ্রিঃ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে অবহিত করেন যে, কর্ম পরিকল্পনা অনুযায়ী ইনোভেটরগণকে নিয়ে ৩টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। গত দুই বছরে শোকেসিং ও সম্মাননা প্রদান অনুষ্ঠান বাস্তবায়ন করা যায় নাই। এ অনুষ্ঠান সমূহ বাস্তবায়ন করা যায় কিনা তা নিয়ে আলোচনা করা যেতে পারে। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়, কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সদস্য-সচিব আরও জানান যে মার্চ ২০২১ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ টিমের সকল সদস্যকে ই-মেইল ও হোয়ার্টস গ্রুপে প্রেরণ/অবহিত করা হয়েছে। সভাপতি বলেন যে, এটি চলতি বছরের শেষ সভা। আজকের সভাটি খুবই গুরুত্বপূর্ণ একারণে যে, অবশিষ্ট কার্যক্রম সমূহ অবশ্যই এমাসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আন্তরিকতার সাথে বাস্তবায়ন/সমাপ্ত করবেন। তন্মধ্যে শোকেসিং ও সম্মাননা প্রদান অনুষ্ঠান করা খুবই জরুরী।

১। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরূপ-

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন
১.	উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন	যথাসময়ে প্রণীত হয়েছে।	প্রণীত কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্টগণ সচেত্ন রয়েছেন।	সদস্য সচিব
২.	ইনোভেশন টিমের সভা	এ বছরে ৬টি সভা করার নির্দেশনা রয়েছে। উদ্ভাবকগণকে নিয়ে ৩টি সভা হয়েছে। ২৭জন উদ্ভাবক ৫টি উদ্ভাবনী ধারণা নিয়ে মাঠে কাজ করেছেন। এটি চলতি অর্থবছরের ৬ষ্ঠ সভা।	সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়নে সকলকে আন্তরিক হতে হবে।	দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ
৩.	ইনোভেশন খাতে বরাদ্দ	সদস্য-সচিব জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর এজেন্ডা বাস্তবায়নের লক্ষ্যে চলতি অর্থবছরে নির্ধারিত কোডে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে।	দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ গত অর্থবছরের ন্যায় অনুমোদিত বাজেট অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অনুষ্ঠান সম্পন্ন করবেন।	দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ
৪.	সক্ষমতা বৃদ্ধি	১) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা।	১। আগামী ১৫/৬/২০২১ তারিখে এক দিনের ১টি কর্মশালা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ উদ্যোগী হবেন;	১। জনাবএ.কে.এম মফিজুল ইসলাম উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) ২। সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)
		২) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন।	২। আগামী ১৭-১৮/৬/২০২১ তারিখে উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের ১টি প্রশিক্ষণ বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ উদ্যোগী হবেন;	১। জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন অধ্যক্ষ, কেমাসউকে ২। জনাব শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন
		৩) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়।	৩। সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের ১টি প্রশিক্ষণ বাস্তবায়নে উদ্যোগী হবেন;	১। জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (প্রশিক্ষণ) ২। জনাব মোঃ ফজলুল হক সহকারি পরিচালক (অর্থ ও অডিট)
৫.	ইনোভেশন শোকেসিং	সভাপতি জানান, উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) যেহেতু সরাসরি সেবা গ্রহণকারী ও সেবাপ্রদানকারীর সম্মুখে সাধারণত করা হয় এবং সেজন্য বর্তমান কোভিড পরিস্থিতির কারণে সেটি স্থগিত করা ছিল। পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে মৌখিকভাবে জানানো হয় যে, প্রয়োজনে উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) ভার্চুয়ালী করা যেতে পারে। সেমতে আমরা উদ্ভাবকদের উপস্থিতিতে শোকেসিং ভার্চুয়ালী করতে পারি। সংশ্লিষ্ট মেন্টরগণ জানান যায় যে, উদ্ভাবকদের নিয়ে যে ৩টি ভার্চুয়াল সভা করা হয়েছিল এবং বিগত বছরের কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, শোকেসিং করার মতো ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে মোট ৪টি উদ্ভাবনী ধারণা রয়েছে। উক্ত ৪টি উদ্ভাবনী ধারণা নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়।	নিম্ন তালিকাভুক্ত উদ্ভাবকদের ধারণা নিয়ে আগামী ১৫/৬/২০২১ তারিখ বিকাল ০৪:০০টায় শোকেসিং অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট মেন্টরগণ নিজ নিজ উদ্ভাবকদের সাথে যোগাযোগ করে ব্যবস্থা নিবেন;	ইনোভেশন টিমের সদস্য/মেন্টর (সকল)
৬.	স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	সময় স্বল্পতার জন্য ২০১৮-১৯ অর্থবছরে ০৫জন এবং কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২০১৯-২০ অর্থবছরে ০১জনকে স্বীকৃতি প্রদান করা যায় নাই। ২০২০-২১ অর্থবছরে ০২জন সহ মোট ০৮(আট) জনকে স্বীকৃতি প্রদানের বিষয়ে ব্যাপক আলোচনা হয়।	২০১৮-১৯ অর্থবছরে ০৫জনের প্রকল্প পরিদর্শন করা হয়েছিল এবং প্রকল্প সমূহ সন্তোষজনক হিসেবে প্রতিবেদন পাওয়া যায়। ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের ৩টি প্রকল্প শোকেসিং এ অংশগ্রহণ/পর্যায়ে উন্নীত হওয়ায় সর্বমোট ৮জনকে (৫+১+২) আগামী ২০/৬/২০২১ তারিখ বিকাল ০৩:০০টায় সম্মাননা/ স্বীকৃতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জনাব এ.কে.এম মফিজুল ইসলাম উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) ২। জনাব শাহীনুর রহমান সহকারি পরিচালক (দাঃবিঃ ও ঋণ) ৩। সালেহ উদ্দিন আহমেদ সহকারি পরিচালক (আইসিটি)
৭.	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	১) ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদকরণ। ২) বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড / হালনাগাদকরণ। ৩) বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য আপলোড/হালনাগাদকরণ।	১) ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে; ২) বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে; ৩) বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে।	সদস্য সচিব
৮.	বাস্তবায়ন অগ্রগতিঃ	০৭/০৩/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন সেলের ৫ম সভায় গৃহীত ০২টি সিদ্ধান্ত/সুপারিশের মধ্যে ০১টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ১টি সিদ্ধান্ত শীগ্রই বাস্তবায়ন করা হবে বলে সভাকে অবহিত করা হয়।	ফলোআপ করা প্রয়োজন।	সংশ্লিষ্ট মেন্টরগণ

২। শোকেসিং এ মনোনীত উদ্ভাবক ও সেবার বিষয়-

নং	উদ্ভাবকের নাম ও পদবী	সেবা/ প্রদর্শনীর বিষয়
১.	জনাব নুরুল নাহার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নরসিংদী সদর, নরসিংদী।	ক) প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে পারিবারিক পুঁজি আহরণে সহায়তা। খ) প্রশিক্ষণে গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরি।
২.	জনাব শেখ নওশের আলী থানা যুব উন্নয়ন কর্মকর্তা ধানমন্ডি ইউনিট, ঢাকা।	যুব সংগঠনের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে ব্যবসায়িক সমিতির সাথে যুব সংগঠনের লিংকেজ তৈরি।
৩.	জনাব শাহীনুর রহমান উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) প্রধান কার্যালয়, ঢাকা।	ঋণ কার্যক্রমের অনলাইন রিপোর্টিং সিস্টেম।

৩। সম্মাননা/স্বীকৃতির জন্য মনোনীত উদ্ভাবকগণ-

নং	উদ্ভাবকের নাম	অর্থবছর	উদ্ভাবনী ধারণা
১.	জনাব শাহীনুর রহমান উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) প্রধান কার্যালয়, ঢাকা।	২০২০-২১	ঋণ কার্যক্রমের অনলাইন রিপোর্টিং সিস্টেম
২.	জনাব শেখ নওশের আলী থানা যুব উন্নয়ন কর্মকর্তা ধানমন্ডি ইউনিট, ঢাকা।	২০২০-২১	যুবদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে ব্যবসায়িক সমিতির সাথে যুব সংগঠনের লিংকেজ তৈরি
৩.	জনাব নুরুল নাহার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নরসিংদী সদর, নরসিংদী।	২০১৯-২০	যুব তথ্য ব্যাংক তৈরি
৪.	জনাব আবদুল আজিজ আকন্দ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	২০১৮-১৯	বেকারমুক্ত গ্রাম সৃজন
৫.	জনাব জামাল নাসরে খান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুলয়ারচর, কিশোরগঞ্জ	২০১৮-১৯	উদ্বুদ্ধকরণের মাধ্যমে যুব রক্তদাতাদের ডাটাবেইজ তৈরী
৬.	জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গোপালপুর, টাঙ্গাইল।	২০১৮-১৯	প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানে পারিবারিক পুঁজি গঠন
৭.	জনাব ডলি রাণী নাগ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	২০১৮-১৯	বেকারমুক্ত গ্রাম সৃজন
৮.	জনাব নুরুল নাহার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নরসিংদী সদর, নরসিংদী।	২০১৮-১৯	প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানে পারিবারিক পুঁজি গঠন

কোভিড-১৯ জনিত কারণে গত বছরের কর্মপরিকল্পনা বেশীরভাগ বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। তবে দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ চলতি বছরের নির্ধারিত সময়ে নিজ নিজ কার্যাদি প্রতিপালনে আন্তরিক হবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১৩/৩/২২

(মাসুদা আকন্দ)

পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ও

ইনোভেশন অফিসার

ফোনঃ ৯৫৬১৩৫৩

e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৬১.১৬- ১৪

তারিখঃ ১৩/০৬/২০২১খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(সকল)

০৩। জনাব----- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি।

  
(সালেহু উদ্দিন আহমেদ)  
সহকারী পরিচালক(আইসিটি)

ও

সদস্য-সচিব

ইনোভেশন টিম

ফোনঃ ০২-২২৩৩৫৬৮৯৮

e-mail: [adict@dyy.gov.bd](mailto:adict@dyy.gov.bd)

পরিশিষ্ট “ক”

১৩/০৬/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব এ,কে,এম মফিজুল ইসলাম উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৩.	মোঃ হামিদুর রহমান উপপরিচালক(বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৪.	জনাব মোঃ ফরহাত নূর উপপরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
৫.	জনাব শাহীনুর রহমান উপপরিচালক (দাঃবিঃও ঋণ)	স্বাক্ষরিত
৬.	জনাব আলী আশরাফ উপপরিচালক (অর্থ ও অডিট)	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ ফজলুল হক সহকারী পরিচালক (অর্থ ও অডিট)	স্বাক্ষরিত
৮.	জনাব সালেহু উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত
৯.	জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স)	স্বাক্ষরিত